



বাংলাদেশ পর্যটন করপোরেশন
প্রশাসন বিভাগ
বীর উত্তম এ, কে, খন্দকার সড়ক
৮৩-৮৮, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।



২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার খসড়া চূড়ান্তকরণ সভার কার্যবিবরণী

সভাপতি	রাম চন্দ্র দাস চেয়ারম্যান
সভার তারিখ	১৯-০৭-২০২০ খ্রি.
সভার সময়	বেলা ১১:০০ ঘটিকা
স্থান	ভিডিও কনফারেন্সিং (Zoom Cloud Meeting), বাপক, প্রধান কার্যালয়
উপস্থিতি	সংযুক্তি “ক”

২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার খসড়া চূড়ান্তকরণের লক্ষ্যে গঠিত বাংলাদেশ পর্যটন করপোরেশন-এর বিদ্যমান কমিটি'র সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম সূচনা করেন। প্রথমেই তিনি বাপক কর্তৃক প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা (২০১৯-২০২০) ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো-এর বিষয়সমূহে ধার্যকৃত লক্ষ্যমাত্রা এবং লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জিত অগ্রগতির বিষয়ে বিভাগওয়ারী পর্যালোচনা করেন। পরবর্তীতে সভাপতি ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার খসড়া চূড়ান্তকরণের বিষয়ে উপস্থিত সবার মতামত জানতে চান। এ পর্যায়ে পরিচালক (বাণিজ্যিক), মহাব্যবস্থাপক (প্রশাসন ও অর্থ), মহাব্যবস্থাপক (ডিএফও), মহাব্যবস্থাপক (বাণিজ্যিক), মহাব্যবস্থাপক (পূর্ত), ভারপ্রাপ্ত অধ্যক্ষ (এনএইচটিআই), ব্যবস্থাপক (প্রশাসন), ব্যবস্থাপক (বাণিজ্যিক), ব্যবস্থাপক (বিউজ) সহ উপস্থিত কর্মকর্তাবৃন্দ তাঁদের নিজ নিজ বিভাগের বাস্তবায়ন অগ্রগতি প্রসঙ্গে সভাকে অবহিত করেন। পরিচালক (বাণিজ্যিক) ২০২০-২০২১ অর্থবছরের জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার খসড়ায় কতিপয় কর্ম সম্পাদক সূচক, সূচকের মান ও একক পুনঃনির্ধারণের জন্য সভাপতির দৃষ্টি আকর্ষণ করেন এবং যৌক্তিক ব্যাখ্যা প্রদানসহ তাঁর সুচিন্তিত মতামত ব্যক্ত করেন।

২.০ উপব্যবস্থাপক (প্রশাসন-২) অবহিত করেন, ২০১৯-২০২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো-এর কার্যক্রমে ধার্যকৃত সূচকসমূহের বিপরীতে অর্জন ৯৭.৫০% -যা ইতোমধ্যেই মন্ত্রণালয়ের বিবেচনার জন্য প্রেরণ করা হয়েছে। সভাপতি সার্বিক বাস্তবায়নের বিষয়ে সন্তোষ প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট সকল বিভাগ/শাখাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। পাশাপাশি তিনি নতুন অর্থবছরেও এ ধারা অব্যাহত রাখার জন্য সচেষ্ট থাকতে সকলের প্রতি অনুরোধ জানান। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:


ক্রম	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী বিভাগ
৩.১	বাপক-এর ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার খসড়াটি চেয়ারম্যান মহোদয় ও পরিচালক (বাণিজ্যিক) মহোদয়ের নির্দেশনা অনুসরণে বিদ্যমান 'নৈতিকতা কমিটি' সংশোধন/পরিমার্জনপূর্বক চূড়ান্ত অনুমোদন প্রদান করেন। অনুমোদিত কর্মপরিকল্পনাটি যথাসময়ে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	নৈতিকতা কমিটি/প্রশাসন বিভাগ
৩.২	নৈতিকতা কমিটির সভা নিয়মিতভাবে আহ্বান অব্যাহত রাখতে হবে। এ লক্ষ্যে ২০২০-২০২১ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার (জুলাই - সেপ্টেম্বর ২০২০) ১ম কোয়ার্টারের সভা যথাসময়ে সম্পন্ন করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন যথাসময়ে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	প্রশাসন বিভাগ

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

রাম চন্দ্র দাস
চেয়ারম্যান

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), মহাব্যবস্থাপক (ডিএফও) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ২) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৩) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (পূর্ত) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৪) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (বিপণন) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৫) মহাব্যবস্থাপক, মহাব্যবস্থাপক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৬) অধ্যক্ষ (এনএইচটিআই) (ভারপ্রাপ্ত), মহাব্যবস্থাপক (অধ্যক্ষ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন
- ৭) ব্যবস্থাপক (পূর্ত), [আইসিটি সংযুক্ত], আইসিটি বিভাগ, বাংলাদেশ পর্যটন করপোরেশন- ওয়েবসাইটে প্রকাশের জন্য
- ৮) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন- চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য
- ৯) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (প্রশাসন ও অর্থ) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন- পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
- ১০) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (পরিকল্পনা) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন- পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য
- ১১) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পরিচালক (বাণিজ্যিক) এর দপ্তর, বাংলাদেশ পর্যটন করপোরেশন- পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য



রমেন্দ্র নাথ মন্ডল
উপব্যবস্থাপক